



**পূর্ব মাদারীপুর ডিহী কলেজের  
অধ্যক্ষ তমিজউদ্দিনের  
সাময়িক বরখাস্তের  
আদেশে রুলনিশি**

কোর্ট রিপোর্টার II পূর্ব মাদারীপুর ডিহী কলেজের অধ্যক্ষ পদ থেকে তমিজউদ্দিন আহমদের সাময়িক বরখাস্তের আদেশ কেন অবৈধ ও বেআইনী ঘোষণা করা হবে না এই মর্মে হাইকোর্ট রুলনিশি জারি করেছে। বিচারপতি এমএ মতিন ও বিচারপতি মোহাম্মদ মারযিউল হক সম্মুখে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করে। অধ্যক্ষ তমিজউদ্দিন আহমদ পূর্ব মাদারীপুর ডিহী কলেজের গবর্নিং বডির ইস্যুত ১৪ ফেব্রুয়ারির আদেশ চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দাখিল করেন। আদালত শুনানির শেষে আদেশ প্রদান করে। আবেদনকারীর পক্ষে ব্যারিস্টার আযীর উল ইসলাম আদালতে শুনানি করেন। তাঁকে সহযোগিতা করেন এ্যাডভোকেট মঞ্জিল মুরশিদ ও এম মাকসুদুল ইসলাম।